



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল

সংশোধিত

([www.barisalboard.gov.bd](http://www.barisalboard.gov.bd))

(একই স্মারক ও তারিখ বহাল রেখে)

স্মারক নং বশিবো/পনি/জেএসসি/২০১৬/১২৬৩

তারিখঃ ১০ আশ্বিন, ১৪২৩ বঙ্গাব্দ  
২৫ সেপ্টেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৬ সালের জেএসসি পরীক্ষার হাজিরাশিট, প্রবেশপত্র, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বিতরণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৬ সালের জেএসসি পরীক্ষার হাজিরাশিট, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল নিম্নবর্ণিত তারিখে পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট কেন্দ্র সচিব অথবা তাঁর ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ) মালামাল গ্রহণ করতে পারবেন। হাজিরাশিট, প্রবেশপত্র ও অন্যান্য মালামাল গ্রহণ করার সময় সেগুলোর সংখ্যা ও হিসাব ভালো করে বুঝে নিতে হবে। পরবর্তী সময়ে সংখ্যাগত কোনো ভুল হলে সেজন্য গ্রহণকারী দায়ী থাকবেন।

বিতরণের সময়সূচিঃ

ক্রঃ নং	জেলার নাম	বিতরণের তারিখ	সময়
১।	বরগুনা, ঝালকাঠি ও ভোলা	২৬/১০/২০১৬	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
২।	পিরোজপুর ও পটুয়াখালী	২৭/১০/২০১৬	সকাল ১০টা থেকে বিকাল ৩টা
৩।	বরিশাল	২৯/১০/২০১৬	সকাল ১০টা থেকে বিকাল ৩টা

\* উল্লেখ্য ২৫/১০/২০১৬ তারিখ মঙ্গলবার ১০৮ নং কক্ষ থেকে প্রবেশপত্র বিতরণ করা হবে।

বিঃ দ্রঃ প্রবেশপত্রে কোন ভুল থাকলে সংশোধনের জন্য মূল রেজিস্ট্রেশন কার্ডসহ আগামী ৩০/১০/২০১৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বা তাঁর প্রতিনিধিকে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে উপস্থিত হতে হবে। উল্লেখ্য উক্ত তারিখের মধ্যে সংশোধন না করলে পরীক্ষা শেষ হওয়ার দিন পর্যন্ত ২০০/- (দুইশত) টাকা হারে জরিমানা প্রদানপূর্বক সংশোধন করা যাবে।

উল্লেখ্য পরীক্ষা শেষ হওয়ার ০৭ ( সাত ) দিনের মধ্যে পরীক্ষার হাজিরাশিট, অলিখিত উত্তরপত্র ও আনুষঙ্গিক মালামাল বোর্ডে নিয়ে আসতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে প্রতিদিনের জন্য ২০০/- (দুইশত) টাকা হারে জরিমানা জমা দিতে হবে।

২৫.১০.১৬  
অরুণ কুমার গাইন-১০২৬০  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক  
ফোন : ০৪৩১-৬৪০৮৫

ই-মেইলঃ [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)

কেন্দ্রসচিব

বরিশাল শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেএসসি পরীক্ষা কেন্দ্র-২০১৬